



বাংলাদেশ দূতাবাস, ওয়ারশ, পোল্যান্ডে 'গণহত্যা দিবস-২০২৪' পালন

বাংলাদেশ দূতাবাস, ওয়ারশ, পোল্যান্ডে, আজ ২৫ মার্চ ২০২৪ তারিখে যথাযোগ্য মর্যাদায় গণহত্যা দিবস ২০২৪ পালন করা হয়। পবিত্র কোরআন থেকে তেলোয়াতের মাধ্যমে গণহত্যা দিবসের আনুষ্ঠানিকতা শুরু হয়। শহীদদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানানোর উদ্দেশ্যে এক মিনিট নীরবতা পালন করা হয়। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। আলোচনায় ২৫ মার্চ গণহত্যা দিবস পালনের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রাখা, প্রজন্ম থেকে প্রজন্মকে নারকীয় ও বর্বরোচিত এই হত্যাযজ্ঞ সম্পর্কে অবহিত করা এবং ২৫শে মার্চ গণহত্যা দিবসকে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদানে কার্যক্রম পরিচালনার বিষয়সমূহ তুলে ধরেন।

মান্যবর রাষ্ট্রদূত সুলতানা লায়লা হোসেন তাঁর বক্তব্যে বলেন যে, ২৫ মার্চ কালরাতে আপারেশন সার্চলাইট-এর নামে পাকিস্তানী হানাদার বাহিনী তাদের সর্বশক্তি দিয়ে নিরস্ত্র বাঙালির উপর ঝাঁপিয়ে পড়েছিল। নির্বিচারে হত্যা করা হয়েছিল নিরীহ বাঙালিদের, হত্যা করা হয়েছিল বাংলার বুদ্ধিজীবীদের। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে বাংলার নিরীহ জনগন সশস্ত্র সংগ্রামের মাধ্যমে বাংলার স্বাধীনতা ছিনিয়ে আনার কথা উল্লেখ করেন।

১৯৭১ সালের গণহত্যার শিকার সকল শহীদ, জাতির পিতা ও তাঁর পরিবারের অন্যান্য শহীদ সদস্য এবং শহীদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

ওয়ারশ, পোল্যান্ড

২৫ মার্চ ২০২৪

